

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১০৪.১০৪.২০১৬-২৮৯

তারিখ : ০৮ চৈত্র ১৪২৩
২২ মার্চ, ২০১৭

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব ক্যামাং মার্মা, চেয়ারম্যান, রোয়াংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা কর্তৃক যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে পরিষদের পর পর ৭টি সভায় অনুপস্থিত থাকা এবং বিধি বহির্ভূতভাবে ভাইস চেয়ারম্যানকে নিজেই চেয়ারম্যানের দায়িত্ব প্রদানের বিষয়টি প্রাথমিকভাবে প্রমানিত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ১৩/০২/২০১৭ তারিখে জারীকৃত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর ২৫/০২/২০১৭ তারিখে দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে তাঁকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ও ১৩(১)(গ) ধারায় অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দোষে দোষী সাব্যস্ত করা হয়েছে, সেহেতু, সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা অনুসারে বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ক্যামাং মার্মাকে রোয়াংছড়ি উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩
e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১০৪.১০৪.২০১৬-২৮৯/(১৪)

তারিখ : ০৮ চৈত্র ১৪২৩
২২ মার্চ, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), রোয়াংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা / উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রোয়াংছড়ি বান্দরবান।
১৩. জনাব ক্যামাং মার্মা, চেয়ারম্যান, (অপসারণকৃত) রোয়াংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা
১৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব